পৃথিবীর বায়ুমণ্ডল উল্টে যেতে পারে!

পরিবর্তিত হচ্ছে পৃথিবীর বায়ুমণ্ডল। এ খবর জানিয়েছেন বিজ্ঞানীরা। তাদের মতে, পৃথিবীর বায়ুমণ্ডল উল্টে যেতে পারে। উন্নত প্রযুক্তির যন্ত্রে দেখা গিয়েছে পৃথিবীর চৌম্বক ক্ষেত্র প্রকৃত পক্ষেই উল্টে যাওয়ার সম্ভাবনা রয়েছে।

এর কারণও জানিয়েছেন বিজ্ঞানীরা। বলেছেন, হাজার বছর ধরে পৃথিবীতে পরিবর্তনের ফলে শক্তিশালী চৌম্বক ক্ষেত্র ক্রমশ দুর্বল হয়ে পড়ছে। এটি পৃথিবীর জন্য খুব বিপজ্জনক। গবেষকরা জানিয়েছেন, এটি গ্রহের তেজস্ক্রিয়তা আটকানোর ক্ষমতা ও সৌর ঝড়ের মতো ঘটনা প্রতিরোধ করার ক্ষমতা কমে যাওয়ার সম্ভাবনা রয়েছে।
তবে এই প্রথমবার নয়। এর আগে হাজার হাজার বার এমন ঘটনার সাক্ষী থেকেছে পৃথিবী। প্রাচীন পাহাড় তার সাক্ষ্য বহন করছে। পৃথিবীর মধ্যভাগ থেকে গলন্ত লোহা বেরিয়ে আসে। গ্রহের অভ্যন্তরে তাপের ফলে এই ধাতু গলে যায়। এই ধাতু দৈত্যাকৃতি তড়িত্ চুম্বকীয় ক্ষেত্রে ঘুরপাক খায়। এর ফলে শক্তি সৃষ্টি হয়। মাইলের পর মাইল তা ছড়িয়ে যায়। সূর্যের তেজস্ত্রিয়তা রোধে তা সাহায্য করে। এর ফলেই পৃথিবীতে প্রাণ থাকতে পারে। উদ্ভিদ ও প্রাণীজগতের ডিএনএ তৈরিতে এটি সাহায্য করে। গবেষকরা সতর্ক করেছেন, এই ঘটনার যদি পরিবর্তন ঘটে, তাহলে পৃথিবী বাসের অযোগ্য হয়ে উঠবে।